# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৭. ২. ৪. গণহত্যার পুনরাদেশ

বাইবেলের বর্ণনায় যারা ৪০ বছরের জন্য মোশিকে আশ্রয় দিয়েছিলেন এবং তাঁকে তাদের কন্যা বিবাহ দিয়েছিলেন তাদেরকে নির্মমভাবে নির্মূল করাই ছিল তাঁর জীবনের শেষ দায়িত্ব: ‘‘মাবুদ মূসাকে বললেন, ‘তুমি বনি-ইসরাইলদের পক্ষ থেকে মাদিয়ানীয়দের অন্যায়ের জন্য তাদের পাওনা শাস্তি দাও। তারপর তোমাকে তোমার পূর্বপুরুষদের কাছে চলে যেতে হবে। তখন মূসা বনি-ইসরাইলদের বললেন, ‘মাদিয়ানীয়দের বিরুদ্ধে যুদ্ধ করবার জন্য তোমাদের মধ্য থেকে কিছু লোককে যুদ্ধের সাজে সাজিয়ে নাও, যাতে তারা মাবুদের হয়ে মাদিয়ানীয়দের পাওনা শাস্তি দিতে পারে। বনি-ইসরাইলদের প্রত্যেক গোষ্ঠী থেকে এক হাজার করে লোক নিয়ে যুদ্ধে পাঠিয়ে দাও।’’ (শুমারী ৩১/১-৪)

এ ছিল কিছু বনি-ইসরাইলকে বিপথগামী করার কারণে সকল মাদিয়ানীয়কে শাস্তি দেওয়ার ঐশ্বরিক নির্দেশ ও মূসার দিক নির্দেশনা। এ থেকে আমরা সহজেই বুঝতে পারছি যে, মাদিয়ানীয়রা খুবই নিরীহ বা দুর্বল ছিলেন। কারণ বনি- ইসরাইলের ছয় লক্ষ যোদ্ধা সৈনিকের মধ্য থেকে মাত্র বার হাজার সৈন্য তাদের হত্যার জন্য পাঠানো হল। বাইবেল বলেছে যে, মাদিয়ানীয়দের সকলকে হত্যা করা হলেও বনি-ইসরাইলের একজন সৈন্যও মারা যায় নি (শুমারী ৩১/৪৮-৪৯)। আমরা দেখব যে, এ আক্রমনে কয়েক লক্ষ মাদিয়ানীয়কে হত্যা করা হয়। কিন্তু একজন ইসরাইলীয়ও মরেনি। এতে নিশ্চিত হওয়া যায় যে, মাদিয়ানীয়রা শান্তিপ্রিয় অযোদ্ধা মানুষ ছিলেন। বনি-ইসরাইল কোনো উস্কানি ছাড়াই তাদের গণহত্যা করে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14604

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন